গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিয়ামতপুর, নওগাঁ
www.uno.niamatpur.gov.bd

স্মারক নং: ৩১.৪৩.৬৪৬৯.০০০.০৬.৩৪.০০৫.২৪-৪৫(৫)

তারিখ: ০১/১০/১৪৩০ বঙ্গাব্দ
১৫/০১/২০২৪ খ্রি.

**নিয়ামতপুর উপজেলার ২০.০০(বিশ) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহাল অনলাইনে ইজারার আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি:**

এতদ্দ্বারা নিয়ামতপুর উপজেলার নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অথবা যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অথবা সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/একক সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধিত ২০১২ এবং সায়রাত-১ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়ের ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং প্রজ্ঞাপন এর আলোকে নিয়ামতপুর উপজেলাধীন ২০.০০(বিশ) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালসমুহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে পৃথক পৃথক সিলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে আবেদনপত্র অনলাইনে আহ্বান করা যাচ্ছে। কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। উক্ত দরপত্রের নিয়মাবলী সম্বলিত শিডিউল /আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নিয়ামতপুর, নওগাঁয় ও উপজেলা ভূমি অফিস, নিয়ামতপুর, নওগাঁয় অফিস সময়ে ৫০০/-(পাঁচশত) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে। নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী শিডিউল/আবেদনপত্র ক্রয় করাসহ দরপত্র দাখিল করা যাবে। অন্যান্য তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা সহকারী কমিশনার(ভূমি),নিয়ামতপুর, নওগাঁ-এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধিত ২০১২ এর ৪ এর (ক) (খ) ও (গ) অনুযায়ী কার্যক্রম পরিচালিত হবে।

সংগৃহীত আবেদন ফরম পূরণ করতঃ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১৬ ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে হবে। **অনলাইনে আবেদন দাখিল করার জন্য যে কোন ব্রাউজারে jm.lams.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে আগ্রহী সমিতির পক্ষে সভাপতি/সাধারণ সম্পাদক-কে তার জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বর দিয়ে অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডির মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় নিয়ামতপুর, নওগাঁ/সহকারী কমিশনার(ভূমি), নিয়ামতপুর, নওগাঁ এর কার্যালয়ে জমা প্রদান করা যাবে।

| ক্র:নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.) এর মধ্যে | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল jm.lams.gov.bd |
| ২ | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নিয়ামতপুর বরাবর দাখিল |
| ৩ | ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (২৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.) এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমুহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই |
| ৪ | ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (১০ মার্চ ২০২৪ খ্রি.) এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন |
| ৫ | ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ (২৪ মার্চ ২০২৪ খ্রি.) এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ৬ | ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ (৩১ মার্চ ২০২৪ খ্রি.) এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ৭ | ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ (০৬ এপ্রিল ২০২৪ খ্রি.) এর মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও ভ্যাট-আয়কর জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ৮ | ১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৪ খ্রি.) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত যেকোন সমস্যায় ১৬১২২ এই নম্বরে কল করার জন্য/নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৫/০১/২০২৪

ইমতিয়াজ মোরশেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নিয়ামতপুর, নওগাঁ।

## শর্তাবলী:

০১। সকল সরকারি খাস বদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে। সংগৃহীত আবেদন ফরম পূরণ করতঃ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১৬ ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। **অনলাইনে আবেদন দাখিল করার জন্য যে কোন ব্রাউজারে jm.lams.gov.bd ওয়েবসাইটে।**

০২। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে আরও ৫%অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে । উল্লেখ্য সরকারি মূল্যের চাইতে কম ইজারামূল্য ইজারা দেওয়া হবে না।

০৩। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি, যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/ সংগঠন আবেদন করতে পারবে ।

০৪। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমবায়/সমিতি/ সংগঠনকে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়,নিয়ামতপুর হতে ক্রয়কৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি,ব্যাংক অ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালেরর মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৬। আবেদনকারী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/ সংগঠন এ যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিলসহ বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না ।

০৭। দরপত্রের সাথে উদ্ধৃত ০৩ (তিন) বছরের মোট মূল্যের ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার,নিয়ামতপুর,নওগাঁ এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদের শেষ বৎসরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

০৮। ইজারার জন্য প্রয়োজনীয় সনদ পত্রের ফটোকপি, সনদ প্রদানকারী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৯। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে । ১ম বৎসরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০০০০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০০০/০৩১১ নম্বর কোডে পত্রে উল্লিখিত সময়ের মধ্যে জমা দিয়ে চালানের মূলকপি সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃইজারা প্রদান করা হবে।

১০। ভূমি মন্ত্রণালয়ের ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং প্রজ্ঞাপন এর আলোকে ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও ভ্যাট-আয়কর জমা প্রদান করতে হবে। সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনূকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাদাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। পাবলিক ইজমেন্টভুক্ত জলমহালসমূহ বাদে অবশিষ্ট জলমহাল সমূহের অস্থায়ী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। তবে বিজ্ঞ আদালত কর্তৃক কোন জলমহাল নিয়ে নিষেধাজ্ঞা বা স্থিতাবস্থা বা অস্থায়ী নিষেধাজ্ঞা অথবা এরূপ কোন আদেশ সম্বলিত লিখিত তথ্য নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল হলে সংশ্লিষ্ট জলমহাল এর অস্থায়ী ইজারা/লিজ কার্যক্রম তাৎক্ষণিকভাবে অস্থায়ী ইজারা/লিজ কার্যক্রমের বর্হিভূত বলে গণ্য হবে।

১৩। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৪। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাসবৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রেবশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৫। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

চলমান পাতা -২-

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ে কোন সাবলিজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্যকোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উল্লিখিত কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুনঃ ইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি ০৩ (তিন) বছরের মধ্যে অপর কোন জলমহাল ইজারার আবেদন করতে পারবেন না।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৮। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না।

১৯। ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারিকৃত সরকারি সকল আদেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

২০। ইজারা গ্রহীতাকে উর্ধ্বতন সরকারি কর্মকর্তা জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে তিনি বাধ্য থাকবেন।

২১। বৎসরের যে কোন সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩১ হতে কার্যকর বলে গণ্য হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশান করা হয় তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

২২। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

২৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধিত ২০১২ মোতাবেক যে কোন সমিতি/সংগঠন ২(দুই) টির অধিক জলমহাল ইজারা /বন্দোবস্ত পাবে না।

২৪। বর্তমান প্রচলিত জলমহাল সংক্রান্ত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

২৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধিত ২০১২ এর নির্দিষ্ট আবেদনের সাথে মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা(ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

২৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

26/02/2024

ইমতিয়াজ মোরশেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নিয়ামতপুর, নওগাঁ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নিয়ামতপুর, নওগাঁ
www.acl.niamatpur.gov.bd

স্মারক নং ঃ ৩১.৪৩.৬৪৬৯.০০০.০৬.৩৪.০০৫.২৪-১৩(২৫)

তারিখ ঃ ০১/১০/১৪৩০ বঙ্গাব্দ
১৫/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জনাব সাধন চন্দ্র মজুমদার, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও মাননীয় সংসদ সদস্য, ৪৬ নওগাঁ-১।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার,.......................................(সকল), নওগাঁ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০৭। সহকারী কমিশনার(ভূমি), নিয়ামতপুর, নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপজেলা.......................কর্মকর্তা (সকল), নিয়ামতপুর, নওগাঁ। তাঁর অফিস নোটিশ বোর্ডেবিজ্ঞপ্তিটি ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। চেয়ারম্যান,................................ ইউনিয়ন পরিষদ (সকল), নিয়ামতপুর, নওগাঁ । বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১০। সভাপতি/সম্পাদক, নিয়ামতপুর প্রেস ক্লাব, নিয়ামতপুর, নওগাঁ ।
১১। বার্তা সম্পাদক,...................................................... । তাকে বিজ্ঞপ্তিটি ন্যূনতম স্পেসে ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব.................................................................................।
১৩। অফিস কপি / নোটিশ বোর্ড ।

১৫/০২/২৪

রূপম দাস
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নিয়ামতপুর, নওগাঁ।